গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০২ তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৬
০৭ মার্চ ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলে অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল, ঢাকা, চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিংহ বিভাগের অনেক জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির প্রবনতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩০.০	২৭.৮	৩০.৮	২৯.৭	৩০.৫	২৫.৭	৩০.৬	২৮.৩
সর্বনিম্ন তাপমাত্রা	১৯.০	১৮.৫	১৭.০	১৬.২	১৯.২	১৫.৪	১৮.৮	১৯.২

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ছিল টেকনাফ ৩০.৮° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৫.৪°সেঃ।

সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ৭ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:
রাজশাহী, রংপুর, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়ংমনসিংহ, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম/ উত্তর- পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

অগ্নিকান্ড:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৫/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৬/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩০টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৮	১	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	২	০	০
৪।	সিলেট	২	১	০

৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৮	০	০
৮।	খুলনা	৭	০	০
	মোট	**৩০**	**২**	**০**

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। রাজবাড়ীঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে টেলিফোন ও এসএমএস বার্তার মাধ্যমে জানানো হয়েছে যে, গত ০৬.০৩.২০২০খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬.৩৫ ঘটিকায় ইলিশগোল, বালিয়াকান্দি, রাজবাড়ী এলাকায় একটি বসত বাড়ীতে রান্নার চুলা থেকে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে সন্ধ্যা ৭.২০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে এক মহিলা আহত হয়।

২। সিলেটঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে টেলিফোন ও এসএমএস বার্তার মাধ্যমে জানানো হয়েছে যে, গত ০৬.০৩.২০২০খ্রিঃ তারিখ ভোররাত ৪.৪৮ ঘটিকায় পূর্ব জিন্দাবাজার, সিলেট এলাকায় একটি সেলুনে বৈদ্যুতিক গোলযোগে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০৩ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে সকাল ৬.০৫ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে শাকিল আহমদ নামের এক ফায়ারম্যান হালকা আহত হয়।

নৌকাডুবি:

১। রাজশাহীঃ জেলা প্রশাসন, রাজশাহী এর স্মারক নং: ৫১.০১.৮১০০.০২৫.০৮.০০১.১৯-১৩২, তারিখ ০৭.০৩.২০২০খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়েছে যে, গত ০৬.০৩.২০২০খ্রিঃ তারিখ বিকাল ৫.৩০ ঘটিকায় বৌভাত অনুষ্ঠান থেকে ফেরার পথে দুটি নৌকা রাজশাহী জেলার পবা উপজেলাধীন শ্রীরামপুর নামক স্থানে পদ্মানদীতে ঝড়ের কবলে পড়ে এবং মাঝ নদীতে ডুবে যায়। দুটি নৌকায় মাঝিসহ আনুমানিক ৪২ (বিয়াল্লিশ) জন যাত্রী ছিলেন। ঘটনার খবর পাওয়ার সাথে সাথে জেলা প্রশাসনের তত্বাবধানে সন্ধ্যা ৬.০০ টায় উদ্ধার কার্যক্রম শুরু করা হয়। বর মোঃ আসাদুজ্জামান রুমন সহ ৩২ (বত্রিশ) জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। উদ্ধারকৃতদের মধ্যে ০৫ (পাঁচ) জন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং তারা আশংকামুক্ত। এ পর্যন্ত ঘটনাস্থল থেকে ৩ (তিন) জনের লাশ উদ্ধার করা হয়েছে। নিখোঁজ ৭ (সাত) জন যাত্রীদের উদ্ধার করার জন্য জেলা প্রশাসনেরতত্বাবধানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং স্থানীয় জনগণের সহায়তায় উদ্ধার কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) পবা, গোদাগাড়ী ও চারঘাট সংশ্লিষ্ট থানা এবং নৌ-পুলিশ রাজশাহী উদ্ধার কার্যক্রম চালাচ্ছে। ইতোমধ্যে নিখোঁজদের নাম, ঠিকানা ও অন্যান্য তথ্য সংগ্রহ করাসহ ক্ষতিগ্রস্থদের প্রয়োজনীয় সহায়তা প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঢাকা থেকে আগত পাঁচ সদস্যের ডুবুরীদল উদ্ধার কার্যক্রম শুরু করেছে। নিহতদের তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

(ক) নিহতদের তথ্যঃ

ক্রঃ নং	মৃত ব্যক্তির নাম ও বয়স	মৃত ব্যক্তির ঠিকানা
১।	মোসাঃ মরিয়ম (৬), পিতা- রতন আলী	গ্রাম- বসুয়া, হড়গ্রাম, পবা, রাজশাহী
২।	মোসাঃ মনি (২৫), স্বামী- শামীম	গ্রাম- ডাঙ্গেরহাট, হুজুরীপাড়া, পবা, রাজশাহী
৩।	মোঃ এখলাছ উদ্দিন (২২), পিতা- মোঃ আসলাম উদ্দিন	গ্রাম- গোবিন্দপুর, পবা, রাজশাহী

৭-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০২/১

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৬
০৭ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) উপ-পরিচালক (সকল)
৪) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

৭-৩-২০২০
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)